

সংবাদ বিজ্ঞপ্তি**নোবিপ্রবিতে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের জন্মবার্ষিকী পালিত**

দিনব্যাপী নানা কর্মসূচির মাধ্যমে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৯৩তম জন্মবার্ষিকী পালন করেছে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি)। আজ মঙ্গলবার (০৮ আগস্ট ২০২৩) নোবিপ্রবি বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব হলের উদ্যোগে এসব কর্মসূচি পালিত হয়েছে। কর্মসূচির মধ্যে ছিল, বৃক্ষরোপন, আলোচনা সভা, কৃতি শিক্ষার্থী সংবর্ধনা ও দোয়া মাহফিল।

বঙ্গমাতার জন্মবার্ষিকী উপলক্ষ্যে ‘মহিয়সী নারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এর জীবন ও কর্ম’ শীর্ষক অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ আব্দুল বাকী। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট ড. মোহাম্মদ মহিনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর ও নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. বিপ্লব মল্লিক। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এস এম মাহবুবুর রহমান, ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস এর পরিচালক অধ্যাপক ড. আনিসুজ্জামান রিমন, হযরত বিবি খাদিজা হলের প্রভোস্ট ড. মোঃ রফিকুল ইসলামসহ ডিনবৃন্দ, ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, হলের প্রভোস্টবৃন্দ এবং শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

অনুষ্ঠানে নোবিপ্রবির মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ আব্দুল বাকী বলেন, জাতির পিতার প্রতিটি কাজে প্রেরণার উৎস হয়ে ছিলেন মহিয়সী নারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব। নিজে ত্যাগ স্বীকার করেছেন কিন্তু বঙ্গবন্ধুকে কখনো তার কাজ হতে বিরত রাখেননি। ধৈর্যের সাথে বাঙালির মুক্তি সংগ্রামের প্রতিটি বাঁকে জাতির পিতার যোগ্য সহধর্মিণীর নজির স্থাপন করেছেন বেগম মুজিব। আজকের এই দিনে আমি বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

এর আগে সকালে বৃক্ষরোপনের মধ্যে দিয়ে দিবসের কর্মসূচির শুভ উদ্বোধন করেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ আব্দুল বাকী। আলোচনা সভা শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবসহ সকল শহীদের রুহের মাগফিরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব ১৯৩০ সালের ০৮ আগস্ট গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।



রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

